

“ছেলে হোক, মেয়ে হোক  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঝালকাঠি  
fpo.jhalakathi.gov.bd



বিষয়: সাতুরিয়া UH&FWC পরিদর্শন প্রতিবেদন।  
পরিদর্শন প্রতিবেদন

২৪/০১/২০২৩ খ্রি. তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় সাতুরিয়া UH&FWC পরিদর্শন করি। পরিদর্শনকালে আয়া এবং অফিস সহায়ককে উপস্থিত পাওয়া যায়। FWV এর ৫দিনের নৈমিত্তিক ছুটির দরখাস্ত দেখা যায়। কেন্দ্রে সেবা প্রদানের জন্য কোন সেবা প্রদানকারীকে দায়িত্ব প্রদান করতে দেখা যায়নি। আগতে সেবা গ্রহণকারীদের সেবা না নিয়ে ফিরে যেতে দেখা যায়। কেন্দ্রটির ভৌত অবকাঠামো নাজুক। কেন্দ্রটি পুনঃনির্মাণের প্রয়োজন। তবে, কেন্দ্রে সেবা কার্যক্রম চলমান রয়েছে। স্যাটেলাইট ক্লিনিকে গড়ে ৩টি ANC সেবা প্রদান করতে দেখা যায়। কেন্দ্রে কন্ট্রাসেপটিভ সেবা বৃদ্ধি করার সুযোগ রয়েছে। রেজিস্টারসমূহ সংরক্ষণে যত্নের অভাব পরিলক্ষিত হয়। অফিস কক্ষে পরিষ্কার পরিচ্ছন্নতার অভাব রয়েছে। ঔষধের অতিরিক্ত স্টক রয়েছে যার মেয়াদ নিকটবর্তী। তবে ঔষধ সংরক্ষণে ICR যথাযথভাবে ব্যবহার না করার ফলে কোন ঔষধের পরিমাণ এবং মেয়াদ নির্ধারণ করা কঠিন। এছাড়া ঔষধ স্টোরের নীতিমালা অনুসরণ করে সংরক্ষণ করা হয় না। এরফলে FEFO(First Expiry First Out) পলিসি অনুসৃত হয় না।

সেখানে ১টি D&DS কিট এখনও মজুদ রয়েছে। যার গায়ে মেয়াদ চলতি মাস। এরফলে কয়েকটি আইটেম কিটের মধ্যেই মেয়াদোত্তীর্ণ হওয়ার সম্ভাবনা সৃষ্টি হয়েছে। স্টোরে নরমাল ডেলিভারি সেবার প্রচুর ঔষধ মজুদ রয়েছে যা এপ্রিল, ২০২৩ মেয়াদ শেষ হবে। স্বাভাবিক প্রসব সেবা বৃদ্ধি না করা হলে এসকল ঔষধ ব্যবহার করা কঠিন হবে। এরমধ্যে Dextrose Saline ৪২টি, Dextrose Aqua ৬০ টি। এছাড়া ২টি নরমাল ডেলিভারি কিট রয়েছে। স্টোরে প্রচুর পরিমাণ MSR(Medical & Surgical Requisite) রয়েছে। যা ( IUD sterilizer, Autoclave mini, Height & Weight machine) ব্যবহার করা হলে সেবার কোয়ালিটি বৃদ্ধি পাবে। অব্যবহারের ফলে নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। সেবা প্রদানের সহায়ক IEC ম্যাটারিয়াল এবং অন্যান্য IEC ম্যাটারিয়াল স্টোরে সংরক্ষণ করতে দেখা যায়। যা ব্যবহারে উদ্যোগ নেয়া প্রয়োজন। আইসিআর সংরক্ষণ করে ঔষধ ব্যবহার করা হলে অনাকাঙ্খিত পরিস্থিতি থেকে সাবধান হওয়া যায়।

পরামর্শঃ

- ১। FWV কে স্টোর ব্যবস্থাপনার FEFO(First Expiry First Out) পলিসি অনুসরণ করে সেবা প্রদান। নিয়মানুযায়ী D&DS kit খোলার সময়ে স্থানীয় জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করার ব্যবস্থা গ্রহণ। অপ্রয়োজনীয় দ্রব্যাদির তালিকা তৈরি করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা। যথাযথ প্রক্রিয়ায় ICR সংরক্ষণ করা।
- ২। কন্ট্রাসেপটিভ সেবা প্রদান বৃদ্ধি করা। Short dated ঔষধসমূহ বিকল্প ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা।
- ৩। UFPO/MO(MCH-FP) কে কেন্দ্রসমূহ নিয়মিত ভিজিটপূর্বক উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা বাস্তবায়ন হয় কীনা যাচাই করে দেখা। সংশ্লিষ্ট FWV এর বিরুদ্ধে কারন দর্শানো নোটিশ জারি করা। FWV কে কর্মস্থলের বাসায় অবস্থান নিশ্চিত করা।
- ৪। কেন্দ্রটি পুনঃ নির্মাণের প্রস্তাব প্রেরণ করা। অনতিবিলম্বে কেন্দ্রের মূলগেইট তৈরির জন্য স্বাস্থ্য প্রকৌশলকে লিখিতভাবে অবহিত করা।
- ৫। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করণে সকলকে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা। সংশ্লিষ্ট ইউনিয়নের FPI কে নিয়মিত ইউনিয়ন কমিটি/ পাক্ষিক মিটিং উক্ত কেন্দ্রে আয়োজনের ব্যবস্থা করা। এছাড়া FWV কে UH&FWC পরিচালনা কমিটির সভা আয়োজন করা।
- ৬। কেন্দ্রটিতে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা।
- ৭। eMIS এর অগ্রগতি বৃদ্ধি করা।

৮। IEC ম্যাটারিয়াল ব্যবহার করে সেবার কোয়ালিটি বৃদ্ধি করা এবং IEC ম্যাটারিয়াল সেবা প্রদানকারীর মধ্যে বিতরণ করা।

১০। গর্ভবতী কে কার্ডপূরণ সাপেক্ষে সেবা প্রদান নিশ্চিত করা এবং ANC বৃদ্ধিতে স্যাটেলাইট এবং কেন্দ্র সেবা বৃদ্ধি করা। এ বিষয়ে FWV, FPI, FWA এর সমন্বিত উদ্যোগ গ্রহণ করা।



২৪-১-২০২৩

মোঃ শহীদুল ইসলাম

উপ পরিচালক

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল  
অফিসার (এমসিএইচ-এফপি)  
রাজাপুর, ঝালকাঠি।

স্মারক নম্বর: ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.২৭

তারিখ: ১০ মাঘ ১৪২৯

২৪ জানুয়ারি ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি:

১) পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।



২৪-১-২০২৩

মোঃ শহীদুল ইসলাম

উপ পরিচালক